# চট্টগ্রাম বোর্ড ২০১৫

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা : প্রথম পত্র

বিষয় কোড: ২ ৭ ৭

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

**সৃজনশীল**

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. রাজশাহীর জনাব সোহেল সম্প্রতি ব্যবস্থাপনায় এমবিএ সম্পন্ন করেছেন। তিনি বেকার বসে না থেকে আত্মীয়-স্বজনদের নিকট থেকে কিছু টাকা সংগ্রহ করে আমের ব্যবসায় শুরু করেন। তিনি আমের মৌসুমে স্থানীয় আম চাষিদের নিকট থেকে মানসম্পন্ন বিভিন্ন জাতের আম ক্রয় করে ঢাকার বিভিন্ন বাজারে খুচরা ব্যবসায়ীদের নিকট সরবরাহ করেন। এতে মৌসুম শেষে তার যথেষ্ট পরিমাণ মুনাফা হয়। সে ধারের অর্থ পরিশোধ করে অবশিষ্ট টাকা দিয়ে কয়েকটি আম বাগান লিজ নেয়। বর্তমানে তিনি আর চাকরির কথা না ভেবে নিজের ব্যবসায়ের মাধ্যমে প্রতিষ্ঠিত হওয়ার কথা ভাবছেন।

ক. বাণিজ্য কী? ১

খ. প্রত্যক্ষ সেবা বলতে কী বোঝায়? ২

গ. সোহেলের ব্যবসায়টি কোন ধরনের অভ্যন্তরীণ বাণিজ্যের মধ্যে পড়ে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সোহেলের ভাবনার সাথে তুমি কী একমত? যৌক্তিকতা দেখাও। ৪

২. জনাব রফিক লেখাপড়া শেষ করে দেশের পরিবেশ পরিস্থিতি সম্বন্ধে চিন্তা-ভাবনা করে সাভারে একটি গার্মেন্টস কারখানা স্থাপন করেন। স্বল্প মজুরিতে দক্ষ-অদক্ষ শিক্ষিত শ্রমিকের প্রাপ্যতা, শ্রমিকদের কর্মদক্ষতার কারণে কয়েক বছরের মধ্যে তিনি সফল ব্যবসায়ী হয়ে ওঠেন। তিনি তার কারখানায় উন্নত শর্ট-সার্কিট প্রতিরোধ ব্যবস্থা, শ্রমিকদের জন্য চাইল্ড ডে-কেয়ার সেন্টার, জরুরি ক্ষেত্রে সহজ নির্গমন পথ, নিজস্ব উন্নত অগ্নি নির্বাপণ ব্যবস্থা ও শ্রমিকদের জন্য কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করেন। এতে শ্রমিকদের দক্ষতা ও কাজের মান বৃদ্ধি পায়। একদিন জনাব রফিক দেখেন তার পার্শ্ববর্তী একটি কারখানায় শর্ট-সার্কিট থেকে আগুন ধরে যায় এবং অগ্নি নির্বাপণ গাড়ি আসতে দেরি হওয়ায়ও পর্যাপ্ত পানির অভাবে আগুন নেভাতে দেরি হয়। ফলে বেশ ক্ষয়ক্ষতি হয় এবং অনেক শ্রমিক হতাহত হয়। এতে তিনি খুবই মর্মাহত হন।

ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. প্রযুক্তিগত পরিবেশ বলতে কী বোঝায়? ২

গ. কোন পরিবেশ রফিককে সফল ব্যবসায়ী হতে সহায়তা করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত দুর্ঘটনা এড়ানোর জন্য কী ধরনের প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা উচিত ছিল? মতামত দাও। ৪

৩. জনাব আসিফ তার নিজস্ব কারখানায় মানসম্মত সুতা উৎপাদন করে বিভিন্ন বৃহদায়তন শিল্প কারখানায় সরবরাহ করে থাকেন। উন্নত মানসম্পন্ন হওয়ায় আসিফের উৎপাদিত সুতা বিভিন্ন পোশাক শিল্প কারখানায় ব্যাপকভাবে সমাদৃত। নিজস্ব তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণের মাধ্যমে উৎপাদন কার্য পরিচালনার কারণে ধীরে ধীরে তিনি আন্তর্জাতিক মানসম্পন্ন সুতা উৎপাদন করতে সক্ষম হয়েছেন। ভবিষ্যতে তার আন্তর্জাতিক বাজারে প্রবেশের পরিকল্পনা আছে।

ক. কোম্পানি কী? ১

খ. অসীম দায় বলতে কী বোঝায়? ২

গ. জনাব আসিফের ব্যবসায়টি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. আসিফের ব্যবসায়টি দেশের অর্থনৈতিক উন্নয়নে কী ধরনের ভূমিকা রাখতে পারে? মতামত দাও। ৪

৪. জনাব করিম ও তার দুই বন্ধু মিলে সমঝোতার ভিত্তিতে ও মুনাফা ভাগাভাগির উদ্দেশ্যে 'সমতা প্রিন্টিং প্রেস' নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। সর্বসম্মতিক্রমে মি. করিম পরিচালনায় অংশগ্রহণ করেন এবং বাৎসরিক ১.০০ লক্ষ টাকা বেতন গ্রহণ করেন কিন্তু কোনো মূলধন সরবরাহ করেন না। কয়েক বছরের মধ্যে প্রতিষ্ঠানটি আশানুরূপ মুনাফা অর্জন করায় সফলতার সাথে চলতে থাকে। কিন্তু হঠাৎ করিম অসুস্থ হয়ে পড়লে সে তার ব্যবসায় চালিয়ে যেতে পারবে না বলে জানান।

ক. অংশীদারি চুক্তিপত্র কী? ১

খ. অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব করিম কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সমতা প্রিন্টিং প্রেসের পরিণতি কী হতে পারে? মতামত দাও। ৪

৫. জনাব রশিদ ও তার ছয় বন্ধু একত্রিত হয়ে ৫০.০০ কোটি টাকা অনুমোদিত মূলধন নিয়ে 'রয়েল ট্রেডার্স' নামে একটি ব্যবসায় গঠন করেন। জনাব রশিদ ও তার এক বন্ধু পরিচালক নিযুক্ত হন। কয়েক বছর পর তারা ব্যবসায়টি সম্প্রসারণের উদ্যোগ নিয়েও অর্থসংস্থানের সীমিত সুযোগের কারণে ব্যর্থ হয়ে ব্যবসায়ের ধরন পরিবর্তনের সিদ্ধান্ত নেন। এজন্য বার্ষিক সাধারণ সভায় সিদ্ধান্ত নিয়ে অনুমোদিত মূলধন ১০০ কোটি টাকায় উন্নীত করেন এবং আরেকজন পরিচালক নিযুক্ত করেন। অতঃপর শেয়ার ও ঋণপত্র ইস্যুর মাধ্যমে মূলধন বৃদ্ধির উদ্যোগ নেন। ফলে ব্যবসায়ের আওতা বৃদ্ধি পায়।

ক. স্মারকলিপি কী? ১

খ. কোম্পানির চিরন্তন অস্তিত্ব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব রশিদ ও তার ছয় বন্ধু কর্তৃক গঠিত প্রথম পর্যায়ের ব্যবসায়টি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ১ম ও ২য় পর্যায়ের ব্যবসায়ের মধ্যে কোনটি অর্থনীতিতে অধিক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? তোমার মতামত দাও। ৪

৬. পদ্মা নদীর তীরবর্তী একটি গ্রামের ৫০ জন প্রান্তিক কৃষক নিজেদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য পাওয়ার জন্য আইনগত সত্তা বিশিষ্ট একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। এ প্রতিষ্ঠানের মাধ্যমে তারা প্রয়োজনীয় সরঞ্জামাদি সংগ্রহ, উৎপাদন ও বাজারজাতকরণ কার্যক্রম গ্রহণ করেন। ফলে প্রতিষ্ঠানটি অল্পসময়ে অনেক পরিমাণে মুনাফা ও পুঁজি বাড়াতে সমর্থ হয়। বর্তমানে উৎপাদন বৃদ্ধির জন্য তারা সংরক্ষিত তহবিলের অর্থ দিয়ে আধুনিক কৃষি যন্ত্রপাতি ক্রয় ও উচ্চ ফলনশীল বিভিন্ন জাতের বীজ ক্রয় ইত্যাদি সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে একমত হতে পারছে না। ফলে প্রতিষ্ঠানটির অগ্রগতি ব্যাহত হচ্ছে।

ক. কেন্দ্রীয় সমবায় সমিতি কী? ১

খ. সমবায় সমিতিতে সমভোটাধিকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের সমবায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির সমস্যা সমাধানে করণীয় সম্বন্ধে তোমার সুপারিশমালা যুক্তিসহ বর্ণনা করো। ৪

৭. 'ক' একটি সদ্য স্বাধীন রাষ্ট্র। যুদ্ধ-বিধ্বস্ত দুর্বল অর্থনীতির এদেশে পর্যাপ্ত মূলধন ও অবকাঠামোগত সুবিধার অভাবে শিল্প প্রতিষ্ঠান তেমন গড়ে ওঠে নি। এজন্য দেশটির সরকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ব্যক্তিমালিকানাধীন কিছু বড় বড় প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হয়। চুক্তির শর্তানুযায়ী ঐ প্রতিষ্ঠানগুলো বড় বড় ব্রিজ, উড়াল সেতু ও মেট্রোরেল ইত্যাদি নির্মাণ করবে এবং নির্দিষ্ট হারে টোল আদায়ের মাধ্যমে বিনিয়োজিত অর্থ ফিরিয়ে আনবে এবং অর্জিত মুনাফা ঐসব প্রতিষ্ঠানের পাশাপাশি সরকারও পাবে। সম্প্রতি সরকার দেশটির নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নের জন্য সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানার অধীনে একটি সমরাস্ত্র তৈরির কারখানা স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।

ক. রাষ্ট্রীয় ব্যবসায় কী? ১

খ. BTTB বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'ক' দেশটির সরকারের ১ম পর্যায়ের কর্মকাণ্ডগুলো কোন ধরনের ব্যবসায় সংগঠনের সাথে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত নিরাপত্তা বিষয়ে গৃহীত সরকারি সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৮. জনাব জসিম একটি কারখানার মালিক। পদ্মা নদীর অদূরে তার কারখানা অবস্থিত। কখন কী ঘটে যায় এ ভেবে তিনি একটি বিমা কোম্পানির পলিসি গ্রহণ করেন। বিমার শর্তানুযায়ী যদি তার মৃত্যু ঘটে তার পরিবার ১০.০০ লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবেন। জনাব জসিম নিজের বিষয়ে সচেতন হলেও তার কারখানায় তিনি বর্জ্য শোধন যন্ত্রপাতি বসান নি। ফলে অপরিশোধিত বর্জ্য নদীতে ফেলছেন, যা প্রাণিকূল ও পরিবেশের জন্য ক্ষতিকর ও ঝুঁকিপূর্ণ। এটি তিনি বুঝতে চাচ্ছেন না।

ক. ট্রেডমার্ক কী? ১

খ. কপিরাইট বলতে কী বোঝায়? ২

গ. জসিম বিমার কোন বিষয়কে গুরুত্ব দিয়ে বিমা পলিসি গ্রহণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব জসিম প্রাণিকূল ও পরিবেশের যে ক্ষতি করছেন তার জন্য গৃহীত আইনি ব্যবস্থার সুপারিশ করো। ৪

৯. বিস্তীর্ণ এলাকায় গো-চারণভূমি থাকায় পাবনা জেলার গ্রামাঞ্চলের অনেক বাড়িতে ছোট ছোট দুগ্ধ খামার গড়ে ওঠেছে। জনাব তাপস ঘোষ দরিদ্র অথচ সৎ দুধ বিক্রেতা। এ কারণে সবাই তাকে সম্মান করে। তিনি পাবনার গ্রামাঞ্চল থেকে গরুর খাঁটি তরল দুধ সংগ্রহ করে পাবনা শহরের বাড়ি বাড়ি ন্যায্যমূল্যে শিশুখাদ্য হিসেবে সরবরাহ করেন। দুধের চাহিদা বাড়লেও তিনি দুধে ভেজাল মেশান না। তিনি ভাবেন ভেজাল মিশ্রিত দুধ পান করলে শিশুরা অপুষ্টিতে ভুগবে।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১

খ. আত্মকর্মসংস্থান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব তাপস ঘোষ ব্যবসায়ে কোন ধরনের সামাজিক দায়িত্ব পালন করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব তাপসের ব্যবসায়িক কর্মকাণ্ড নৈতিকতার মানদণ্ডে মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

# চট্টগ্রাম বোর্ড-২০১৫

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা প্রথমপত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড : | ২ | ৭ | ৭ |

১. কম্পিউটারের সাথে ইন্টারনেট সংযুক্তির মাধ্যম কোনটি?
ক এটিএম কার্ড    খ KYC ফরম
গ মডেম    ঘ টেলেক্স

২. বিশ্বাস ও আস্থা কথাটি কোন ধরনের ব্যবসায় ক্ষেত্রে বেশি প্রযোজ্য?
ক অংশীদারি ব্যবসায়    খ যৌথ মূলধনী কোম্পানি
গ সমবায় সমিতি    ঘ রাষ্ট্রীয় ব্যবসায়

**উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**
আয়েশা খানম 'অহনা' নামের একটি ব্র্যান্ডের নিবন্ধন করেন। তিনি এ ব্র্যান্ডের শাড়ি তৈরি করে বিক্রয় করেন এবং নকল এড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে থাকেন।

৩. আয়শা খনমের 'অহনা' ব্র্যান্ডের নিবন্ধনকে কী বলা হয়?
ক কপিরাইট    খ ট্রেডমার্ক
গ মেমোরেন্ডাম    ঘ পেটেন্ট

৪. আয়শা খানমের প্রয়াজনীয় ব্যবস্থা নেয়ার কারণ হলো —
i. উদ্ভাবিত পণ্য অন্যের দ্বারা নকল না করা
ii. অন্য কেউ নিবন্ধন না করা
iii. অন্য কেউ পণ্য থেকে সুবিধা না পাওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মিসেস বিপাশা ইসলাম একটি শিল্প গ্রুপ পরিচালনা করছেন। তিনি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা ছাড়াও বিদেশে পণ্য রপ্তানি ও বাজার সম্প্রসারণ অনলাইন পদ্ধতিতে সম্পাদন করে থাকেন।

৫. মিসেস ইসলাম কর্তৃক সম্পাদিত কাজটি কোন পদ্ধতির অন্তর্ভুক্ত?
ক ই-মার্কেটিং    খ ই-রিটেইলিং
গ ট্রেডিং    ঘ ই-বিজনেস

৬. অনলাইনে ব্যবসায় পরিচালনা মিসেস ইসলামের যে সুবিধা অর্জিত হয় তা হলো —
i. একচেটিয়া ব্যবসায়    ii. অর্থ সাশ্রয়
iii. দক্ষতা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৭. মিস আদিবা একটি অফিসে কম্পিউটার অপারেটর হিসেবে কাজ করেন। তথ্য সংগ্রহ, রেকর্ডভুক্তকরণ এবং প্রক্রিয়াকরণ করে তা ব্যবহার উপযোগী করে রাখাই তার কাজ। মিস আদিবার এ কাজ নিচের কোনটির সাথে সম্পৃক্ত?
ক ইন্টারনেট প্রযুক্তি    খ তথ্য প্রযুক্তি
গ যোগাযোগ প্রযুক্তি
ঘ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

৮. নৈতিকতা মূলত কীসের ওপর প্রতিষ্ঠিত?
ক মানুষের আচার-আচারণ    খ মানুষের মনোভাব
গ সত্য ও ন্যায়    ঘ সামাজিক সংস্কৃতি

৯. বাংলাদেশ রেলওয়ে কোন মালিকানায় প্রতিষ্ঠিত?
ক বেসরকারি    খ সরকারি
গ বিদেশি    ঘ যৌথ

১০. ইটের ভাটা কোন ধরনের দূষণ ঘটাতে পারে?
ক মাটি    খ শব্দ    গ বায়ু    ঘ পানি

১১. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী?
ক মুনাফা অর্জন    খ কর্মসংস্থান সৃষ্টি
গ পণ্য বিক্রয়    ঘ পণ্য উৎপাদন

১২. গুদামজাতকরণ পণ্যের কোন বাধাটি দূর করে?
ক স্থানগত    খ কালগত
গ রূপগত    ঘ অর্থগত

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
২০১০ সালে মি. শহীদ, মি. শামীম ও মি. শাহীন চুক্তিবদ্ধ হয়ে দুই বছরের জন্য 'নাহার পোল্ট্রি ফার্ম' প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠানটি উত্তরোত্তর সাফল্য লাভ করলেও প্রতিষ্ঠানটির ভবিষ্যৎ নিয়ে তারা শঙ্কিত।

১৩. নাহার পোল্ট্রি ফার্মটি কোন ধরনের অংশীদারি ব্যবসায় সংগঠন?
ক সীমাবদ্ধ    খ ঐচ্ছিক
গ নির্দিষ্ট    ঘ অনির্দিষ্ট

১৪. উদ্দীপকে ফার্মটির উল্লিখিত সময়ের পর বিলোপসাধনের উপযুক্ত উপায় কী?
ক সকলে একমত হয়ে    খ বিশেষ ঘটনার প্রেক্ষিতে
গ বাধ্যতামূলকভাবে
ঘ আদালতের আদেশ অনুসারে

১৫. প্রাইভেট লি. কোম্পানিতে কমপক্ষে কতজন পরিচালক থাকতে হয়?
ক ২    খ ৩    গ ৪    ঘ ৫

১৬. যৌথ মূলধনী কোম্পানির কোন বিষয়টি সীমাবদ্ধ?
ক পরিচালকের সংখ্যা    খ শেয়ার সংখ্যা
গ মূলধন    ঘ শেয়ারহোল্ডারদের দায়

১৭. তানভীর আহমেদ একটি ক্যামিকেল কারখানার ব্যবসায় করেন। কারখানার আশে পাশে পরিবেশ যাতে নষ্ট না হয় সে ব্যাপারে তিনি বেশ সচেতন। কারখানাটিতে এলাকার অনেক-লোক শ্রমিক হিসেবে কাজ করেন। উদ্দীপকে বর্ণিত ব্যবসায়টি পরিবেশের কোন উপাদান বিবেচনা করে গঠন করা হয়েছে?
ক প্রযুক্তিগত    খ আইনগত
গ সামাজিক    ঘ রাজনৈতিক

১৮. একমালিকানা ব্যবসায়ের অসুবিধা হলো —
i. ব্যক্তি সামর্থ্যের সীমাবদ্ধতা
ii. সীমিত মূলধন
iii. পৃথক সত্তার অভাব
নিচের কোনটি সঠিক?
ক i    খ i ও ii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১৯. WTO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক জেদ্দা    খ জেনেভা
গ ব্রাসেলস    ঘ ওয়াশিংটন ডিসি

২০. বাণিজ্যের আওতাভুক্ত —
i. বিনিময়    ii. সেবা
iii. পরিবহন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

২১. কীসের মাধ্যমে জনশক্তি তৈরির প্রচেষ্টা বেগমান করা যায়?
ক প্রযুক্তিগত ও কারিগরি জ্ঞানের প্রসার
খ ঋণ ব্যবস্থার উন্নয়ন
গ পরিবেশের উন্নয়ন    ঘ আইনি সহায়তা

২২. রাষ্ট্রীয় ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্র হলো —
i. ভারি ও মৌলিক শিল্প
ii. জনস্বার্থ সম্পৃক্ত প্রতিষ্ঠান
iii. লাভজনক বিনিয়োগ ক্ষেত্র
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**
তিশা, ঐশী ও আরও তিন বান্ধবী মিলে একটি জুয়েলারি প্রতিষ্ঠান গড়ে তোলে। দেশে ও বিদেশে ব্যাপক চাহিদা থাকায় তারা বাজারে শেয়ার ছেড়ে মূলধন সংগ্রহ করে তাদের ব্যবসায়ের প্রসার ঘটানোর সিদ্ধান্ত নেয়।

২৩. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের?
ক অংশীদারি    খ হোল্ডিং কোং
গ পাবলিক লি.    ঘ প্রাইভেট লি.

২৪. উদ্দীপকের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে যা করতে হবে তা হলো —
i. সদস্য সংখ্যা বৃদ্ধি
ii. কার্যারম্ভের অনুমতিপত্র গ্রহণ
iii. বিবরণপত্র প্রচারের ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

২৫. কোন ধরনের কোম্পানি শেয়ার ইস্যু করতে পারে?
ক পাবলিক লি.    খ একমালিকানা
গ অংশীদারি    ঘ প্রাইভেট লি.

২৬. সমবায় সমিতির মোট মুনাফার ন্যূনতম কত অংশ সমবায় উন্নয়ন তহবিলে জমা রাখা বাধ্যতামূলক?
ক ২%    খ ৩%    গ ১৫%    ঘ ২০%

২৭. জনাব শাহীন ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধে অংশ নিয়েছিলেন। তিনি তার সহযোগিদের নিয়ে একটি সমিতি গঠন করতে চান। কোন ধরনের সমবায় সমিতি গঠন করা তাদের জন্য উপযুক্ত?
ক যুদ্ধাহত সমবায় সমিতি
খ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
গ কল্যাণমুখী সমবায় সমিতি
ঘ মুক্তিযোদ্ধা সমবায় সমিতি

২৮. উদ্যোগ বিষয়টি প্রথম কে প্রচলন করেন?
ক জোসেফ সুমপিটার    খ রিচার্ড ক্যান্টিলন
গ রবার্ট হিসরিচ    ঘ এডাম স্মিথ

২৯. বহুমুখী সমবায় সমিতি যে সুবিধা পাবে তা হলো —
i. বিক্রয় সুবিধা    ii. ঋণ সুবিধা
iii. প্রশিক্ষণ সুবিধা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৩০. পুস্তক লেখকের অধিকার সুরক্ষায় কোন আইন কার্যকর?
ক বিমা আইন    খ ট্রেডমার্ক আইন
গ কপিরাইট আইন    ঘ পেটেন্ট আইন

৩১. কী কারণে একমালিকানা ব্যবসায়ের বিরুদ্ধে মামলা করা যায় না?
ক অসীম দায়    খ আইনগত সত্তার অভাব
গ ক্ষুদ্র আয়তন    ঘ একক মালিকানা

৩২. কোন ব্যবসায়ে ঝুঁকির পরিমাণ সবচেয়ে বেশি?
ক একমালিকানা ব্যবসায়    খ পাবলিক লি. কো.
গ অংশীদারি ব্যবসায়    ঘ প্রাইভেট লি. কো.

**উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব আজাদ নতুন একটি সফট ড্রিংকস বাজারে নিয়ে এসেছেন। কিন্তু ক্রেতাদের আগ্রহ না থাকায় ড্রিংকসটি বাজারে বেশি দিন টিকতে পারে নি।

৩৩. সফট ড্রিংকস বাজারে নিয়ে আসার পূর্বে জনাব আজাদের কোন কাজটি করা উচিত ছিল?
ক উদ্ভাবন ও উন্নয়ন    খ বাজার গবেষণা
গ মূল্য হ্রাস    ঘ আকর্ষণীয় মোড়কিকরণ

৩৪. জনাব আজাদের ব্যবসায়িক সমস্যা উত্তরণের উপায় হলো —
i. বাজারতকারণ প্রসার    ii. গ্রাহক সেবা প্রদান
iii. তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৩৫. সামাজিক পরিবেশের অন্তর্ভুক্ত উপাদান হলো —
i. জনসংখ্যা    ii. শিক্ষা ও সংস্কৃতি
iii. দেশীয় ঐতিহ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৩৬. রাষ্ট্রীয় ব্যবসায়ের মুখ্য উদ্দেশ্য কী?
ক মুনাফা অর্জন    খ ঝুঁকি বহন
গ জনকল্যাণ    ঘ অপচয় বৃদ্ধি

৩৭. জনাব এম. আলম টঙ্গী বিসিক শিল্প এলাকায় ব্যবসায় স্থাপন করে কর অবকাশ সুবিধা পেলেন। এটি তার ব্যবসায়ের জন্য কোন ধরনের সহায়তা?
ক সামাজিক সহায়তা    খ উদ্দীপনামূলক সহায়তা
গ সমর্থনমূলক সহায়তা    ঘ সংরক্ষণমূলক সহায়তা

৩৮. ব্যবসায় বিনিয়োগ সংক্রান্ত ঝুঁকি গ্রহণ করেন কে?
ক ব্যবস্থাপক    খ উদ্যোক্তা
গ বিমাকারী    ঘ সরকার

৩৯. জনাব মিজান ন্যায্য মুনাফা অর্জনের লক্ষ্যে চাঁপাইনবাবগঞ্জের বাগান হতে সরাসরি রাসায়নিকমুক্ত আম সংগ্রহ করে বাজারে বিক্রি করেন। এতে তার প্রচুর মুনাফা অর্জিত হয়। উদ্দীপকে বর্ণিত ব্যবসায়ে জনাব মিজানের সফলতার কারণ —
i. নৈতিকতা    ii. পরিবেশ সংরক্ষণ
iii. সামাজিক দায়বদ্ধতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৪০. ই-কমার্সের মূল মাধ্যম কী?
ক ইন্টারনেট    খ টেলিভিশন
গ টেলিফোন    ঘ রেডিও

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ |
| ২১ | ক | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | ক |

Teachingbd.com